


# ASTORIA QUEENS

## বাণিজ্যিক ডিস্ট্রিক্ট প্রয়োজনীয়তা সংক্রান্ত মূল্যায়ন




NYC Small Business Services

careers
businesses
**neighborhoods**

সহযোগিতায় রয়েছে

Central Astoria Local Development Coalition
(সেন্ট্রাল অ্যাস্টোরিয়া ডেভেলপমেন্ট কোয়ালিশন)
Queens Economic Development Corporation
(কুইন্স ইকোনমিক ডেভেলপমেন্ট কর্পোরেশন)

# ASTORIA এর বিশদ

Avenue NYC হলো একটি প্রতিযোগিতামূলক গ্রান্ট প্রোগ্রাম, যেটি **নিউ ইয়র্ক সিটি ক্ষুদ্র ব্যবসা পরিষেবা বিভাগ (NYC Department of Small Business Services)** তৈরি করেছে, যাতে বাণিজ্যিক পুনঃজাগরণ সংক্রান্ত উদ্যোগ বাস্তবায়ন করার জন্য কমিউনিটি-ভিত্তিক উন্নয়নমূলক সংগঠনের ক্ষমতা নির্মাণ করা এবং প্রয়োজনীয় অর্থায়ন করা সম্ভব হয়ে ওঠে। Avenue NYC মার্কিন যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব হাউজিং অ্যান্ড আর্বান ডেভেলপমেন্টের কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক গ্রান্ট (Community Development Block Grant, CDBG) এর মাধ্যমে অর্থায়ন করা হয়, যা নিম্ন এবং মধ্যম পর্যায়ের আয় করা এলাকাগুলোকে টার্গেট করে।

অ্যাভেনিউ এনওয়াইসি বাণিজ্যিক পুনরুজ্জীবন (Avenue NYC Commercial Revitalization) অনুদানের মাধ্যমে পার্টনার সংগঠনগুলোর ক্ষমতা বৃদ্ধির ব্যাপারে বহু-বছরের প্রতিশ্রুতির লক্ষ্যে প্রস্তুত করা হয়েছে, যাতে এলাকার প্রয়োজন আরো ভালোভাবে বোঝা যায়, প্রভাব বিস্তারকারী প্রোগ্রাম তৈরি করা যায় এবং কমপক্ষে তিন বছরের জন্য যেন তাদের কাজের ধারাবাহিকতা বজায় রাখা যায়।

**কমার্সিয়াল ডিস্ট্রিক্ট প্রয়োজনীয়তা সংক্রান্ত মূল্যায়ন (Commercial District Needs Assessment, CDNA)** এর মাধ্যমে এলাকার বর্তমানের ব্যবসার হালহকিকৎ (ল্যান্ডস্কেপ) এবং গ্রাহক সম্বন্ধিত বৈশিষ্ট্যগুলোর উপর হাইলাইট করা হয়।

**Astoria-তে** এই CDNA ফিচারে 6টি বাণিজ্যিক করিডোর রয়েছে: **Steinway Street, Broadway, Astoria** এবং **Ditmars Boulevard, 36th** এবং **30th** Avenues। এই গবেষণাটি **Central Astoria LDC** এবং **Queens Economic Development Corporation** এর সাথে যৌথ উদ্যোগে, সেপ্টেম্বর 2022 থেকে জুন 2023 এর মধ্যে পরিচালনা করা হয়েছে।

এই মূল্যায়নের মাধ্যমে শনাক্ত করা মূল সমস্যা এবং সুযোগগুলো SBS-সহায়তাপ্রাপ্ত স্থানীয় বিনিয়োগে অগ্রাধিকার প্রদান করতে সাহায্য করবে এবং এলাকার একটি তথ্য ও মার্কেটিংয়ের সোর্স হিসাবে কাজ করবে।

## এই রিপোর্টে

এলাকার বর্তমানের অবস্থা, বিজনেস ডেটা এবং গুণমানমূলক অবস্থার বিশদ বিবরণ **790টিরও বেশি সমীক্ষা** এবং এলাকার ব্যবসায়ী, ক্রেতা, স্ট্রিট ভেন্ডর, সম্পত্তির মালিক এবং বাসিন্দাদের সাথে বিভিন্ন স্টেকহোল্ডারদের বৈঠকের মাধ্যমে জোগাড় করা হয়।

***সরাসরি এখানে যান...***


| | |
|---|---|
| মূল নির্যাস | 4-5 |
| বিজনেস ইনভেন্টরি | 6 |
| ব্যবসায়ীরা কী বলেন | 7, 11-12 |
| বিজনেস আউটলুক | 13-14 |
| ক্রেতারা কী বলেন | 12, 14 |
| বাস্তবিক পরিবেশ | 15 |
| ডেটা পরিশিষ্ট | 16-19 |


## ব্যাকগ্রাউন্ড

East River, Long Island City, Sunnyside এবং Woodside দিয়ে ঘেরা Astoria একটি অনন্য জনবসতি এবং এখানে বিভিন্ন ধরনের লোকজন দেখা যায়। 80 টিরও বেশি দেশের মানুষের লোকজন এটিকে নিজের বাসস্থান করে নিয়েছেন, Astoria-তে গেলে মনে হবে বিশ্ব ভ্রমণ হয়ে গিয়েছে। বাণিজ্যিক করিডোরের মধ্যে থাকা সুসজ্জিত আবাসিক ব্লকগুলোর মধ্যে একটা আন্তর্জাতিক ছোঁয়া রয়েছে। এলাকাটির জীবনধারার গতি Manhattan এর মতো খুবই ব্যস্ত নয়, কিংবা শহরতলির মতো আবার স্থির বা ধীর গতির নয় – এটি শহরের মধ্যে অবস্থিত একটি গ্রাম, যা মূলত একটু হাঁটাচলা করা, শপিং করা, খাবার-দাবার খাওয়া এবং বসবাসের জন্য আদর্শ জায়গা।

17 শতকে, একজন ইংরেজ কৃষক ও জমির মালিক, William Hallet-এর তৈরি জনবসতি Astoria-তে এর "গ্রাম্য" অনুভূতির শিকড় খুঁজে পাওয়া যাবে। ধনী, পশম ব্যবসায়ী Stephen Halsey 1835 সালে এলাকাটির পুনরায় উন্নয়ন বা সংস্কার করেন, তাই John Jacob Astor এর থেকে আর্থিক সাহায্যের প্রয়োজন হয়ে পড়ে, যার বিনিময়ে এলাকাটির নতুন নামকরণ করা হয় "Astoria"। 1900 এর দশকের প্রথম দিক পর্যন্ত Astoria-তে Steinway Piano Company এর মতো অনেক কোম্পানি কারখানা গড়ে তুলতে আগ্রহী হয়। এই কোম্পানিটি Northern Astoria-তে একটি কোম্পানি টাউন গড়ে তোলে। 1900 এর দশকে Astoria-তে আধুনিকীকরণের প্রক্রিয়া অব্যাহত থাকতে দেখা যায়। গড়ে ওঠে একাধিক ফিল্ম স্টুডিও, স্ট্রিটকার, সাবওয়ে লাইন এবং কর্মচারীদের জন্য হাউজিং।

Astoria এখনও নিজেদের ফিল্ম তৈরির ঐতিহ্য বজায় রেখেছে। Museum of the Moving Image, Kaufman Astoria Studios এবং শীঘ্রই সম্পূর্ণ হতে চলা Wildflower Studios এর আয়োজন করছে। এলাকায় রয়েছে অন্যান্য বিখ্যাত সাংস্কৃতিক প্রতিষ্ঠান, যার মধ্যে রয়েছে Noguchi Museum এবং Socrates Sculpture Park। এলাকার প্রাণকেন্দ্র বলা যায় 56 একরের Astoria Park-কে, যদিও Astoria জুড়ে সবুজ এলাকার সংখ্যা সীমিত। এলাকাটি গণপরিবহন ব্যবস্থার সাথে ভালোভাবেই সংযুক্ত রয়েছে। এখানে রয়েছে সাবওয়ে লাইন, অসংখ্য বাস লাইন এবং NYC Ferry এর Astoria রুট। গাড়ি এবং বাইক নিয়ে সহজেই এলাকায় যাতায়াত করা যায়। এখানে রয়েছে একাধিক বাইক লেন এবং Grand Central Parkway এর সাথে সংযোগ, BQE এবং Robert F. Kennedy Bridge।

Astoria-তে রয়েছে শত শত বৈচিত্র্যপূর্ণ রেস্তোরাঁ, ইন্টিমেট ক্যাফে, সুন্দর কফি শপ এবং এটির বহুসংস্কৃতির জনগণের প্রতিফলক হিসাবে স্পেশালিটি ফুড স্টোর। প্রথমদিকে Dutch, English, German এবং Irish অভিবাসীরা এখানে জনবসতি গড়ে তোলে। তারপর বৃহৎ সংখ্যক Greek American এবং Italian American জনগণ Astoria-কে নিজেদের বাসস্থান করেন, তুলে ধরেন নিজেদের খাবার-দাবার এবং সংস্কৃতি। এছাড়া, আরো সম্প্রতি Southeast Asia, China, Brazil, Central এবং South America, Balkans, Middle East এবং North Africa সহ, বৈচিত্র্যপূর্ণ বিভিন্ন এলাকা থেকে আগত অভিবাসীরা নিজেদের ছিটমহল (এনক্লেভ) গড়ে তুলতে সক্ষম হয়েছেন।

Astoria এর প্রাথমিক বাণিজ্যিক করিডোরের মধ্যে রয়েছে Astoria Boulevard, Broadway, Ditmars Boulevard, 30th Avenue, 36th Avenue এবং Steinway Street। প্রতিটি করিডোর স্বতন্ত্র এবং বিভিন্ন প্রকারের শপ ও পরিষেবার মাধ্যমে জনগণকে সেবা প্রদান করা হয়।

## এলাকার ডেমোগ্রাফিক্স

আরো দেখুন 16 পৃষ্ঠায়

Astoria-তে 152,362 জন মানুষ বসবাস করেন, যার মধ্যে 37% লোকেরই জন্ম বিদেশে। 51% বাসিন্দা শ্বেতাঙ্গ, 26% বাসিন্দা হিস্পানিক/ল্যাটিক্স, 14% এশিয়ান এবং 5% কৃষ্ণাঙ্গ। অধিকাংশ Astorian এর বয়স 25-44 বছর, যা মোট জনসংখ্যার 44%, শহরজুড়ে যা 31% এর সাথে তুলনাযোগ্য। এলাকার গড় পারিবারিক আয় হলো $82,971, শহরজুড়ে যেটির তুলনামূলক পরিমাণ $70,663। NYC এর 40% বাসিন্দার তুলনায়, Astoria এর 52% জনগণের ব্যাচেলর বা মাস্টার্স ডিগ্রি রয়েছে। NYC এর 40% বাসিন্দার তুলনায়, Astoria এর 52% জনগণের ব্যাচেলর বা মাস্টার্স ডিগ্রি রয়েছে। 42% Astorian এর নিজস্ব গাড়ি রয়েছে, যা গোটা Queens-এ রয়েছে 63%।

## ভবিষ্যতের সুযোগ

আরো দেখুন 5 পৃষ্ঠায়

Queens এবং Manhattan এর সংযোগস্থলে অবস্থিত Astoria-কে সাপোর্ট করে স্থানীয় মালিকানাধীন বেশ কিছু ব্যবসা, যারা এলাকার মূল চরিত্র অক্ষুণ্ণ রাখার পাশাপাশি জনগণের ক্রমবর্ধমান চাহিদার জন্য সুযোগ প্রদান করে। এলাকাজুড়ে আগের মতোই অ্যাপার্টমেন্ট বিল্ডিং গড়ে উঠছে, যার মধ্যে রয়েছে 3,200 ইউনিটের বহুমুখী ব্যবহারের ডেভেলপমেন্ট ইনোভেশন QNS। এই উন্নয়ন প্রক্রিয়াটি মূলত Astoria এর দক্ষিণ-পূর্বের শিল্পাঞ্চলকে অগ্রসর করবে, Steinway Street এবং 36th Avenue বরাবর বাণিজ্যিক কার্যকলাপ এবং ফুট ট্রাফিক বাড়বে। Northern Astoria-তে শীঘ্রই Robert De Niro এর Wildflower Studios সম্পূর্ণ হবে, এলাকায় বাণিজ্যিক কার্যকলাপের উপর Steinway Factory এর প্রভাব যোগ হবে। একদিকে MTA যখন LaGuardia Airport-কে শহরের গণপরিবহন ব্যবস্থার সাথে সংযুক্ত করার উপায় খুঁজছে, তখন একাধিক বিকল্প থেকে একটা ইঙ্গিত পাওয়া যাচ্ছে যে, Astoria হয়ে উঠবে প্রথম এলাকা, যেখানে এই ভ্রমণকারীরা বিমানবন্দর থেকে পশ্চিমের দিকে তাদের পা ফেলবেন। Astoria-কে এটির বাসিন্দা এবং ব্যবসায়িক প্রতিষ্ঠান, উভয়েই সাংস্কৃতিক দিক থেকে বৈচিত্র্যপূর্ণ হাব হিসাবে ভালোবাসেন, যা কমিউনিটিকে পরিষেবা প্রদান করার পাশাপাশি উন্নয়নের জন্য সুযোগ প্রদান করবে।

# এলাকার কনটেন্ট

## Astoria





◄ উল্লেখযোগ্য স্থানসমূহ


Steinway Street Clock



Kaufman Astoria Studios


Museum of the Moving Image


The Noguchi Museum


Socrates Sculpture Park

▲ আগ্রহের কেন্দ্রবিন্দু

- মূল্যায়ন করা বাণিজ্যিক করিডোর
- পার্ক এবং পাবলিক স্পেস
- জনসাধারণের জন্য স্থাপনা
- উল্লেখযোগ্য স্থানসমূহ
- বিজনেস ইমপ্রুভমেন্ট ডিস্ট্রিক্ট

### আশেপাশের এলাকার ইভেন্টসমূহ

- 31st Avenue Open Street
- Astoria Halloween Parade
- Steinway Street Annual International Cultural Festival
- Steinway Street Artwalk

### ব্যবসায়ী এবং কমিউনিটি গ্রুপ

- 30th Avenue Business Association
- ANSOB Center for Refugees
- Art House Astoria Conservatory For Music and Art
- Astoria Home Owners and Tenants Associations
- Astoria Houses Resident Association
- Central Astoria Local Development Coalition
- HANAC Astoria Community Center
- Kiwanis Club of Astoria/LIC
- Old Astoria Neighborhood Association
- Queens Economic Development Corporation
- Steinway Astoria Partnership
- Urban Upbound

# মূল ফলাফল এবং সুযোগ

## শক্তি

- Astoria এর বিশাল সাংস্কৃতিক এবং জাতিগত বৈচিত্র্যকে সমৃদ্ধ, আন্তর্জাতিক ডাইনিং বিকল্প, স্পেশালিটি ফুড স্টোর এবং কমিউনিটি প্রতিষ্ঠানের মাধ্যমে উদযাপন করা হয়
- Astoria এর কমিউনিটি এবং সিভিক এনগেজমেন্টের শক্তিশালী অনুভূতি একাধিক কমিউনিটি-ভিত্তিক এবং সিভিক সংগঠন দ্বারা প্রতিফলিত হয়ে থাকে, যা বাসিন্দা এবং ব্যবসা, উভয়ের জীবনের মান উন্নয়নের জন্য নিবেদন করা হয়েছে
- এলাকাটিতে সাবওয়ে, বাস, গাড়ি এবং ফেরির মাধ্যমে চমৎকার পরিবহন সংক্রান্ত সুবিধা রয়েছে
- অনেক দীর্ঘমেয়াদী ক্ষুদ্র ব্যবসার সুবাদে Astoria অপেক্ষাকৃত কম ভ্যাকেন্সি রেট নিয়ে গর্ববোধ করে
- দীর্ঘমেয়াদী ব্যবসা এবং প্রতিষ্ঠানের একটি মজবুত ভিত — যার মধ্যে রয়েছে দুটি ফিল্ম স্টুডিও, মিউজিয়াম, আর্ট গ্যালারি এবং ঐতিহাসিক স্থানগুলোর জাতীয় রেজিস্টারে তালিকাভুক্ত একাধিক সাইট — Astoria-কে একটি সাংস্কৃতিক গন্তব্য করে তোলে
- Manhattan এর কাছে অবস্থিত হওয়ায় Astoria আগের মতোই নতুন আবাসিক উন্নয়ন আকৃষ্ট করে চলেছে

## চ্যালেঞ্জসমূহ

- Astoria-তে পোশাকের খুচরা ব্যবসায়ী, স্বাধীন বুটিক এবং সাশ্রয়ী স্টোর উভয়কেই আকৃষ্ট করার চেষ্টা ব্যর্থ হয়েছে, তার কারণ গ্রাহকরা অনলাইন শপিংয়ে বেশি আগ্রহী হয়েছেন এবং বৃহৎ জাতীয় রিটেইলারদের আকৃষ্ট করার জন্য উপলভ্য বাণিজ্যিক স্পেস পর্যাপ্ত নয়
- ভাষা এবং সংস্কৃতিগত পার্থক্যগুলো রেগুলেটরি লিজ চূড়ান্ত সংক্রান্ত সমস্যার ব্যাপারে ব্যবসায়ীদেরকে সাহায্য পেতে বাধা তৈরি করে
- ব্যবসাগুলোকে অবশ্যই অপর্যাপ্ত পার্কিং এবং সীমিত মিটার টাইমের মোকাবিলা করতে হয়, যা ক্রেতার চাহিদার সাথে তাল মিলিয়ে চলতে পারে না
- জঘন্য ডাবল পার্কিংয়ের কারণে বাণিজ্যিক করিডোর জুড়ে যানজট তৈরি হয়
- এলাকায় যত্রতত্র আবর্জনা ফেলা, বাতিল হওয়া আউটডোর ডাইনিং শেড ফেলে রাখা, ইঁদুরের উৎপাত এবং অবৈধ ডাম্পিংয়ের সমস্যা রয়েছে


Astoria Pool


Mural on 36th Avenue


Fair on Steinway Street


Athens Square



Two Coves Community Garden



Broadway



Steinway Street Art Walk


Ditmars Boulevard

# সুযোগ-সুবিধা

- গুণগতমানের রিটেইল স্টোর, সংস্কৃতিগত দিক থেকে আরো বৈচিত্র্যপূর্ণ রেস্তোরাঁ এবং কফি শপ ও জাতীয় রিটেইলারের জন্য এলাকার চাহিদা পূরণ করে, এমন খালি স্টোরফ্রন্ট পূরণ করতে নতুন এবং বৈচিত্র্যপূর্ণ ব্যবসাগুলোকে আগ্রহী করে তোলা
- সাইডওয়াক এবং স্টোরফ্রন্টকে আবর্জনা, গ্রাফিটি এবং ডাবল-পার্ক করা গাড়ির সমস্যা মুক্ত রাখতে শিক্ষামূলক প্রচার এবং পরিষ্কার করার পরিষেবায় সহায়তা করা
- নতুন জনসাধারণের জন্য উন্মুক্ত স্থান চিহ্নিত করা এবং স্ট্রিটস্কেপ সক্রিয় করার জন্য পাইলট প্রোগ্রাম চালু করা
- স্থানীয় ক্রেতা এবং ভিজিটরদের আকৃষ্ট করা এবং অব্যাহত রাখার জন্য ল্যান্ডস্কেপিং ও সৌন্দর্যায়ন প্রচেষ্টা বাস্তবায়ন করা
- বাণিজ্যিক করিডোর, মূল আগ্রহের স্থান, ট্রানজিট এবং অন্যান্য কমিউনিটি গন্তব্যগুলো সহজে খুঁজে পেতে লোকজনকে সাহায্য করতে এলাকায় রাস্তাঘাট খুঁজে পাওয়া এবং সিগনেজের ব্যবস্থা করা
- একটি একত্রিত Astoria মার্কেটিং ক্যাম্পেইন তৈরি করা, যেটিতে এলাকার সম্পত্তি এবং ব্যবসার অফার হাইলাইট করা হবে
- বিজনেস মার্কেটিংয়ের প্রচার এবং কমিউনিটি ইভেন্টে ব্যবসায়ীদের সহযোগিতা এবং অংশগ্রহণ বৃদ্ধি করা
- ব্যবসায়ীদেরকে নিজেদের ব্যবসা বৃদ্ধিতে সাহায্য করতে সাংস্কৃতিগত দিক থেকে প্রাসঙ্গিক সহায়তা পরিষেবা প্রদান করা
- স্থানীয় সিভিক সংস্থা এবং অন্য আর্ট কমিউনিটির সাথে পার্টনারশিপ তৈরি করা, যাতে নতুন নীতি নির্ধারণকারী প্রজেক্ট এবং বাণিজ্যিক করিডোর সংক্রান্ত অ্যাক্টিভেশন প্রস্তুত করা যায়

## এরপর কী?

এই মূল বিষয় ও সুযোগগুলো ব্যাপারে পদক্ষেপ নিতে অলাভজনক সংগঠনগুলোকে SBS দ্বারা প্রদান করা Avenue NYC Grants দেওয়া হয়েছে।

আরো তথ্যের জন্য ভিজিট করুন: nyc.gov/avenuenyc

# বিজনেস ল্যান্ডস্কেপ: ASTORIA

## বিজনেস ইনভেন্টরি

**1,450**


মোট স্টোরফ্রন্টের সংখ্যা

**10.1%**

স্টোরফ্রন্টের ভ্যাকেন্সি*

*দ্রষ্টব্য: 2022 সালে, New York City-তে 76টি বিজনেস ইমপ্রুভমেন্ট ডিস্ট্রিক্টে গড়পড়তা গ্রাউন্ড ফ্লোর ভ্যাকেন্সি রেট ছিল 11.6% এবং মেডিয়ান গ্রাউন্ড ফ্লোর ভ্যাকেন্সি রেট ছিল 10.1% ( SBS BID ট্রেন্ডস রিপোর্ট, FY22 )।

## স্টোরফ্রন্ট এবং রিটেইল মিক্স




Steinway Street, Broadway, Astoria Boulevard, Ditmars Boulevard, 30th Avenue এবং 36th Avenue বরাবর অবস্থিত স্টোরফ্রন্ট বিজনেসের একটি সর্বাঙ্গীণ এরিয়া ইনভেন্টরির মাধ্যমে, Central Astoria LDC এবং Queens EDC দ্বারা বিজনেস ইনভেন্টরি এবং রিটেইল মিক্স ডেটা সংগ্রহ করা হয়েছে। ( অক্টোবর থেকে ডিসেম্বর 2022 )।



Fantasy Curtain and Linen Shop




San Remo Tailor Shop



Cafe de Colombia II

# আমরা Astoria মার্চেন্টদের থেকে যা শুনেছি


## আপনি এখানে কত বছর ধরে ব্যবসায় রয়েছেন?




| 12.7 | 7 | 1 |
|---|---|---|
| নিম্ন | মধ্যম | মোড |

দ্রষ্টব্য: এই নিম্ন মানটিই সব জবাবের একটা গড়পড়তা হিসাব, মধ্যম মানে মাঝের সংখ্যা, যখন সব জবাব ঊর্ধ্বগামী (অ্যাসেন্ডিং) অর্ডারে সাজানো হয় এবং মোড হলো সবচেয়ে সাধারণ জবাব।

## আপনার কতজন ফুল-টাইম কর্মী রয়েছে?




| 5 | 3 | 2 |
|---|---|---|
| নিম্ন | মধ্যম | মোড |

## আপনি কি সম্পত্তির মালিক বা সম্পত্তি ভাড়া দেন?

| 64% | 6% | 30% |
|---|---|---|
| ভাড়া | মালিকানাধীন | কোনো জবাব নেই |

## আপনার ব্যবসার কি বর্তমানে একটি ওয়েবসাইট রয়েছে?

| 69% | 24% | 7% |
|---|---|---|
| হ্যাঁ | না | কোনো জবাব নেই |

## বিগত এক বছরে, আপনার ব্যবসার কি উন্নতি হয়েছে, একই থেকেছে বা হ্রাস পেয়েছে?

| 24% | 42% | 24% | 10% |
|---|---|---|---|
| উন্নত হয়েছে | একই থেকেছে | হ্রাস পেয়েছে | প্রযোজ্য নয় বা কোনো জবাব নেই |

## কোন ধরনের রিসোর্স আপনাকে ব্যবসা বৃদ্ধি করতে সাহায্য করবে?

| | % ব্যবসায়ীদের জবাব |
|---|---|
| ▶ মার্কেটিং সাপোর্ট | 44% |
| ▶ ফাইনান্সিংয়ে অ্যাক্সেস | 25% |
| ▶ লিজ সহায়তা | 19% |
| ▶ আইনি পরিষেবা | 17% |
| ▶ কর্মীদের প্রশিক্ষণ | 17% |
| ▶ জায়গার উন্নতি | 16% |
| ▶ নতুন সরঞ্জাম | 15% |
| ▶ অন্যান্য | 6% |
| ▶ রেগুলেটরি কমপ্লায়েন্স সংক্রান্ত সহায়তা | 4% |

উৎস: 2022 সালের শরৎ/শীতে QEDC এবং Central Astoria LDC দ্বারা পরিচালনা করা 288টি ব্যবসায়ীর সমীক্ষার ভিত্তিতে।

# বিজনেস ল্যান্ডস্কেপ

## 30th Avenue

### বিজনেস ইনভেন্টরি

| 238 | 6% |
| --- | --- |
| মোট স্টোরফ্রন্ট | স্টোরফ্রন্টের ভ্যাকেন্সি |


### স্টোরফ্রন্টের অবস্থা

| 6% | 8% | 86% |
| --- | --- | --- |
| খারাপ | মোটামুটি | ভালো |




30th Avenue

### সবচেয়ে সাধারণ ব্যবসা




### আরো বেশি ক্রেতাকে আকৃষ্ট করার জন্য আপনার করিডোরে বা তার আশেপাশে কী কী পরিবর্তন হওয়া প্রয়োজন?

| | % ব্যবসায়ীদের জবাব |
| --- | --- |
| ▶ স্যানিটেশন | 51% |
| ▶ সুরক্ষা | 46% |
| ▶ স্ট্রিট লাইটিং | 34% |
| ▶ আরো খোলা জায়গা | 29% |
| ▶ কমিউনিটি ইভেন্ট | 27% |


## Steinway Street

### বিজনেস ইনভেন্টরি

| 477 | 12% |
| --- | --- |
| মোট স্টোরফ্রন্ট | স্টোরফ্রন্টের ভ্যাকেন্সি |


### স্টোরফ্রন্টের অবস্থা

| 4% | 41% | 55% |
| --- | --- | --- |
| খারাপ | মোটামুটি | ভালো |




Steinway Street

### সবচেয়ে সাধারণ ব্যবসা




### আরো বেশি ক্রেতাকে আকৃষ্ট করার জন্য আপনার করিডোরে বা তার আশেপাশে কী কী পরিবর্তন হওয়া প্রয়োজন?

| | % ব্যবসায়ীদের জবাব |
| --- | --- |
| ▶ আরো খোলা জায়গা | 45% |
| ▶ স্যানিটেশন | 44% |
| ▶ পরিবহন সংক্রান্ত উন্নতি | 39% |
| ▶ কমিউনিটি ইভেন্ট | 31% |
| ▶ সুরক্ষা | 30% |

## Astoria Boulevard

### বিজনেস ইনভেন্টরি

| | |
|---|---|
| 120 | 17% |
| মোট স্টোরফ্রন্ট | স্টোরফ্রন্টের ভ্যাকেন্সি |

### সবচেয়ে সাধারণ ব্যবসা

| | |
|---|---|
| বিউটি / নেইল সেলুন এবং বার্বার শপ | 16 |
| মেডিকেল সার্ভিস | 13 |
| ডেলিস / বোডিগাস | 12 |
| সম্পূর্ণ পরিষেবা প্রদানকারী রেস্তোরাঁ | 11 |
| নির্মাণ কাজ, উৎপাদন এবং পাইকারি ব্যবসা | 6 |

### ব্যবসায়ীরা Astoria Boulevard এর ব্যাপারে কী পছন্দ করেন?

"পরিবহন ব্যবস্থার কাছাকাছি এবং সহজে পার্কিংয়ের সুবিধা।"

"Astoria Park, বৈচিত্র্য।"

"বৈচিত্র্য, আরামপ্রিয় মানসিকতা।"

"পরিচ্ছন্ন এলাকা এবং পরিবেশ খুবই শান্ত।"

### স্টোরফ্রন্টের অবস্থা

| | | |
|---|---|---|
| 19% | 13% | 68% |
| খারাপ | মোটামুটি | ভালো |




Astoria Boulevard

## Broadway

### বিজনেস ইনভেন্টরি

| | |
|---|---|
| 342 | 10% |
| মোট স্টোরফ্রন্ট | স্টোরফ্রন্টের ভ্যাকেন্সি |

### সবচেয়ে সাধারণ ব্যবসা

| | |
|---|---|
| সম্পূর্ণ পরিষেবা প্রদানকারী রেস্তোরাঁ | 54 |
| মেডিকেল সার্ভিস | 42 |
| বিউটি / নেইল সেলুন এবং বার্বার শপ | 30 |
| ডেলিস / বোডিগাস | 23 |
| সীমিত পরিষেবা প্রদানকারী রেস্তোরাঁ | 22 |

### ব্যবসায়ীরা Broadway এর ব্যাপারে কী পছন্দ করেন?

"এলাকাটি এবং এখানকার লোকজন ভালো, পরিবার কেন্দ্রীক, নিরাপদ।"


"ভালো, আরামদায়ক পরিবেশ।"

"ফুট ট্রাফিক, পরিবহন, রেস্তোরাঁ।"

"বৈচিত্র্য, অনেক ফুট ট্রাফিক।"

### স্টোরফ্রন্টের অবস্থা

| | | |
|---|---|---|
| 15% | 20% | 65% |
| খারাপ | মোটামুটি | ভালো |




Broadway

# বিজনেস ল্যান্ডস্কেপ

## Ditmars Boulevard

### বিজনেস ইনভেন্টরি

**175**
মোট স্টোরফ্রন্ট

**9%**
স্টোরফ্রন্টের ভ্যাকেন্সি

### সবচেয়ে সাধারণ ব্যবসা

| | |
|---|---|
| সম্পূর্ণ পরিষেবা প্রদানকারী রেস্তোরাঁ | 29 |
| মেডিকেল সার্ভিস | 20 |
| বিউটি / নেইল সেলুন এবং বার্বার শপ | 18 |
| সীমিত পরিষেবা প্রদানকারী রেস্তোরাঁ | 12 |
| ডেলিস / বোডিগাস | 9 |

### ব্যবসায়ীরা Ditmars Boulevard এর ব্যাপারে কী পছন্দ করেন?

"Manhattan-এর মতো সুবিধা, তবুও এটি আবাসিক এলাকা।"

"পরিবার কেন্দ্রীক করিডোর।"

"ছোট্ট শহরের কমিউনিটি। লোকজন একে অপরের পরিচিত এবং নিরাপদ মনে হয়।"


"এখানে অসাধারণ বার এবং রেস্তোরাঁ রয়েছে।"

### স্টোরফ্রন্টের অবস্থা

**10%** খারাপ

**9%** মোটামুটি

**81%** ভালো


Ditmars Boulevard

## 36th Avenue

### বিজনেস ইনভেন্টরি

**98**
মোট স্টোরফ্রন্ট

**7%**
স্টোরফ্রন্টের ভ্যাকেন্সি

### সবচেয়ে সাধারণ ব্যবসা

| | |
|---|---|
| সীমিত পরিষেবা প্রদানকারী রেস্তোরাঁ | 14 |
| সম্পূর্ণ পরিষেবা প্রদানকারী রেস্তোরাঁ | 13 |
| ডেলিস / বোডিগাস | 11 |
| মেডিকেল সার্ভিস | 9 |
| বিউটি / নেইল সেলুন এবং বার্বার শপ | 6 |

### ব্যবসায়ীরা 36th Avenue-এর ব্যাপারে কী পছন্দ করেন?

"যাতায়াতের সময় দ্রুত কিছু খাওয়ার সুযোগ।"

"লোকজন, অনেক ফুট ট্রাফিক।"

"মিশ্র ব্যবসা।"

"প্রাণোচ্ছল, বিভিন্ন বর্ণের মানুষ, কমিউনিটি।"

### স্টোরফ্রন্টের অবস্থা

**7%** খারাপ

**18%** মোটামুটি

**75%** ভালো


36th Avenue

উৎস: QEDC এবং সেন্ট্রাল অ্যাস্টোরিয়া LDC দ্বারা পরিচালিত 156টি (মোট 288টির মধ্যে) সমীক্ষার ভিত্তিতে।

# আমরা Astoria মার্চেন্টদের থেকে যা শুনেছি

## বাণিজ্যিক ডিস্ট্রিক্টের ব্যাপারে আপনার কী ভালো লাগে?

"বৈচিত্র্য: বন্ধুত্বপূর্ণ কমিউনিটি। শহরের মাঝখানে একটা গ্রামের মতো। মাঝামাঝি, Manhattan এর কাছে অবস্থিত।"

"অল্প দূরত্বের মধ্যে একাধিক ব্যবসা, যা আপনার প্রয়োজন পূরণ করতে পারে।"

"যে গ্রাহকরা এখানে নিয়মিত আসেন, তাদের বৈচিত্র্য।"

"খাওয়া-দাওয়া এবং কফির জন্য অনেক ভালো জায়গা। সুপারমার্কেট এবং স্পেশালিটি ফুড শপ।"

"ভরসাযোগ্য, গেট-টুগেদারের জন্য আদর্শ জায়গা। অসাধারণ খাবার, খুব ভালো নাইট লাইফ।"

"এখানে অসাধারণ বার এবং রেস্তোরাঁ রয়েছে।"

"বিভিন্ন জিনিসপত্র এবং নানা ধরনের লোকজন।"

"অনেক দোকান, অনেক বিকল্প।"

"এটি অত্যন্ত বৈচিত্র্যপূর্ণ, নতুন লোকজনের কাছে উন্মুক্ত এবং সবকটিই খুব বন্ধুত্বপূর্ণ।"

"লোকেশন, লোকজন স্থানীয় এবং স্থানীয় ব্যবসার জন্য সহায়ক।"

## কী কারণে Astoria একটি অনন্য বাণিজ্যিক ডিস্ট্রিক্ট হয়ে ওঠে?

"পুরনো বিশ্ব এবং নতুন বিশ্ব, বৈচিত্র্যের সংমিশ্রণ। সব বয়সের বয়সীরা উপস্থিত।"

"30th Avenue-তে ফলের বাজার, বিভিন্ন প্রকারের রেস্তোরাঁ: থাই, গ্রিক, চাইনিজ, সাউদার্ন, পিৎজা, স্প্যানিশ, মেক্সিকান, ইত্যাদি…"

"এটা অনেকটা মিনি Manhattan এর মতো।"

"ওল্ড টাইমার। প্রত্যেকেই মনে করেন, তা এখানকার। একটি উষ্ণ কমিউনিটি।"

"মাঝখানে অবস্থিত এবং CT ও NJ, সব বরোর কাছাকাছি। বৈচিত্র্যপূর্ণ।"

"আরব সংস্কৃতি এবং অন্যান্য, যা একত্রিত হচ্ছে।"

"এখানকার লোকজন খুবই ভালো এবং অপরকে সম্মান করেন, তাই এটি কাজের জন্য একটি খুব ভালো পরিবেশ হয়ে ওঠে।"

"Manhattan এর লোকেশন, ভালো ট্রানজিট।"

"খুবই ইউরোপীয়ান, আন্তর্জাতিক, সাধ্যের মধ্যে।"

"এটি Manhattan এর তুলনায় শান্ত।"

"পরিবার এবং বন্ধু বান্ধবদের সাথে অনেক কিছু করার একটি ছোট্ট এলাকা।"

# বিজনেস ল্যান্ডস্কেপ

## আমরা Astoria মার্চেন্টদের এবং ক্রেতাদের থেকে যা শুনেছি

### Astoria বাণিজ্যিক ডিস্ট্রিক্টের উন্নতির জন্য আপনি আর কী কী পরিবর্তন দেখতে চান?

"প্রপার্টি ট্যাক্স, হিট এবং বিদ্যুতের দাম খুবই বেশি। রিটেইল একই রকমের নয়।"

"সাপ্তাহিক ছুটির রাতে নিরাপত্তা একটি সমস্যা, আরো বেশি অফিসার প্রয়োজন।"

"Steinway Street এর কাছাকাছি (বিশেষত হুকা বারের কাছাকাছি)। এটি সব সময় ভিড়ে ঠাসা এবং সবাই ডাবল পার্কিং করায় এখান দিয়ে গাড়ি চালিয়ে যাওয়া অসম্ভব ব্যাপার। যদি এই এলাকাটি ওপেন স্ট্রিট হয়ে যায়, তাহলে আমার মনে হয়, গ্রীষ্মের মাসগুলোর সময় এটি ভালো ব্যবসা প্রস্তুত করবে।"

"বিভিন্ন সংস্কৃতিকে একত্রিত করার জন্য আরো কমিউনিটি ইভেন্ট, যেমন বিভিন্ন খাবারের সম্ভার সহ ফুড ট্রাক এবং তাঁবু, কেনার জন্য জাপাকাপড়, উপহার এবং মিউজিক।"

"বাইরের অনেক সবুজ স্পেস, যেখানে লোকজন আড্ডা দিতে পারেন, যা সব শেষে কেনাকাটা বৃদ্ধি করবে।"

"সৌন্দর্যায়ন, আরো ভালো স্যানিটেশন (ইঁদুর এবং আবর্জনার সমস্যা ভয়ানক), ব্যবসায় আরো বৈচিত্র্য।"

"অবৈধ ফুড ট্রাক একটা সমস্যা। রাস্তাঘাটের অবস্থা জঘন্য। অনেক গাঁজার দোকান রয়েছে।"

"বাইক র‍্যাক এবং বাইক লেন পর্যাপ্ত না হওয়ায় আমার পক্ষে স্টোর অ্যাক্সেস করা কঠিন হয়ে যায়। এগুলোর জন্য ব্যবসার সহায়তা আমার এবং যারা বাইসাইকেলে আসছেন, তাদের অভিজ্ঞতা আরো ভালো করবে।"

"বসন্ত, গ্রীষ্ম, শরতের সময় ওপেন স্ট্রিট রাখা হোক। Ditmars Boulevard, 30th Avenue, Broadway-তে ওপেন স্ট্রিট কমিউনিটি প্ল্যানারে তহবিল প্রদান করা।"

"রাস্তায় বিশেষ করে 30th Avenue-এ আরো বেশি বেঞ্চ/সিট থাকলে উপকার হতো।"

"আউটডোর শেডগুলোর আর অনুমতি দেওয়া উচিত নয়, পার্কিংয়ের জন্য আরো জায়গা প্রয়োজন।"

### আরো দর্শনার্থী/ক্রেতাদের আকৃষ্ট করার জন্য Astoria-তে কী পরিবর্তন করা প্রয়োজন?


| | % ব্যবসায়ীদের জবাব | % ভোক্তাদের জবাব |
|---|---|---|
| ▶ নিরাপত্তা | 62% | 37% |
| ▶ স্যানিটেশন | 58% | 50% |
| ▶ ল্যান্ডস্কেপিং/বিউটিফিকেশন | 49% | 52% |
| ▶ কমিউনিটি ইভেন্ট | 26% | 40% |
| ▶ স্ট্রিট লাইটিং | 17% | 26% |
| ▶ আরো খোলা জায়গা | 16% | 51% |
| ▶ দোকানের সামনের অংশের উন্নতি | 16% | 35% |
| ▶ পরিবহনের উন্নতি | 14% | 44% |
| ▶ ব্যবসায়ী সহযোগিতা | 11% | 26% |
| ▶ অন্যান্য | 10% | 12% |
| ▶ গ্রাফিতি অপসারণ | 6% | 11% |

উৎস: 2022 সালের শরৎ/শীতকালে QEDC এবং সেন্ট্রাল অ্যাস্টোরিয়া LDC কর্তৃক পরিচালিত 288টি ব্যবসায়ী জরিপ এবং 504টি ভোক্তা জরিপের উপর ভিত্তি করে।

## Astoria এর খুচরা চাহিদা

| বাসিন্দারা খরচ করেছেন | বাসিন্দারা খরচ করবে |
|---|---|
| **$4.06B** | **$4.71B** |
| 2023 সালে খুচরা পণ্য এবং পরিষেবার উপর প্রতি বছর | 2028 সালের মধ্যে খুচরা পণ্য এবং পরিষেবার উপর প্রতি বছর |

## 2023 ভোক্তা খরচ




ভোক্তা ব্যয়ের ডেটা হলো পরিবার-ভিত্তিক এবং বাণিজ্য এলাকার মধ্যে সমস্ত স্থানীয় পরিবারের মাধ্যমে কোনো পণ্য বা পরিষেবার জন্য বার্ষিক ব্যয়ের পরিমাণ বর্ণনা করে।

উৎস: 2023 এবং 2028 এর জন্য Esri পূর্বাভাস; ভোক্তা ব্যয়ের ডেটা 2019 এবং 2020 সালের ভোক্তা ব্যয়ের জরিপ, শ্রম পরিসংখ্যান ব্যুরো থেকে প্রাপ্ত।

# ব্যবসায়িক দৃষ্টিভঙ্গি

## ব্যবসায়িক প্রবণতা


### মোট ব্যবসায়িক বিক্রয়ে পরিবর্তন, 2016-2023

| Astoria | Queens | NYC |
|---|---|---|
| ▲52% | ▲32% | ▲28% |


### ব্যবসা প্রতিষ্ঠানের দ্বারা মধ্যম বিক্রয়ে পরিবর্তন, 2016-2023

| Astoria | Queens | NYC |
|---|---|---|
| ▲77% | ▲60% | ▲55% |

### Astoria এর মোট ব্যবসায়িক বিক্রয়




### ব্যবসা প্রতিষ্ঠানের দ্বারা Astoria এর মধ্যম বিক্রয়





*2023 সালের মার্চ পর্যন্ত সংগৃহীত ডেটাকে 2023 সাল প্রতিফলিত করে। উৎস: ট্যাক্স নীতি বিভাগ, NYC অর্থ বিভাগ

## ক্রেতাদের কাছ থেকে আমরা যা শুনেছি

### Astoria-তে আপনি কোন ধরনের অতিরিক্ত ব্যবসা দেখতে চান?


- মানসম্পন্ন খুচরা দোকান
- সাংস্কৃতিকভাবে বিভিন্ন রেস্টুরেন্ট
- কফি শপ
- বইয়ের দোকান
- জাতীয় খুচরা বিক্রেতা
- স্পেশালিটি ফুড স্টোর

### আপনি সাধারণত Astoria-তে কখন কেনাকাটা করেন?




| | |
|---|---|
| কর্মদিবসে | 39% |
| কর্মদিবসের সন্ধ্যায় | 16% |
| সাপ্তাহিক ছুটির দিনে | 21% |
| সাপ্তাহিক ছুটির দিনে সন্ধ্যায় | 21% |
| কোনো নির্ধারিত সময় নেই | 3% |

### আপনি সাধারণত Astoria-তে কিভাবে যান?



| | |
|---|---|
| পথচারী | 67% |
| গাড়ি | 17% |
| সাবওয়ে | 8% |
| বাইক | 4% |
| বাস | 3% |
| ট্যাক্সি | 1% |


### আপনি যখন Astoria-তে কেনাকাটা করেন তখন আপনি সাধারণত কত খরচ করেন?



| | |
|---|---|
| $1-$10 | 2% |
| 11$-25$ | 17% |
| 26$-50$ | 37% |
| 51$-99$ | 30% |
| $100+ | 14% |

উৎস: 2022 সালের শরৎ/শীতকালে QEDC এবং সেন্ট্রাল অ্যাস্টোরিয়া LDC কর্তৃক পরিচালিত 504টি ভোক্তা জরিপের উপর ভিত্তি করে।

## দোকানের সামনের ফাঁকা জায়গা





■ ফাঁকা লট ○ ফাঁকা স্টোরফ্রন্ট ■ পার্ক ও উন্মুক্ত স্থান



ফাঁকা স্টোরফ্রন্ট


আবর্জনা


স্টোরফ্রন্ট গ্রাফিতি

Steinway Street, Broadway, Astoria Boulevard, Ditmars Boulevard, 36th Avenue এবং 30th Avenue সহ Astoria–তে জুড়ে বাণিজ্যিক করিডোরগুলোতে 1,450 স্টোরফ্রন্টগুলো বিশ্লেষণে দেখা গেছে যে 9% স্টোরফ্রন্ট খারাপ অবস্থায় রয়েছে, 23% গড় অবস্থায় রয়েছে এবং 68% ভালো অবস্থায় রয়েছে।

## স্ট্রিটস্কেপ পর্যবেক্ষণ

- করিডোর জুড়ে ফুটপাথ, প্রতিবন্ধক এবং রাস্তার রোডবেডগুলো সাধারণত ভালো অবস্থায় থাকে, কিন্তু কিছু ক্ষয়প্রাপ্ত প্রতিবন্ধক এবং রাস্তার বেড এবং কিছু ফুটপাথ যা রক্ষণাবেক্ষণ করা হয় না এবং/অথবা গাছ দ্বারা উপড়ে গেছে এগুলো মেরামত করা প্রয়োজন।
- রাস্তার আলো পর্যাপ্ত কিন্তু ভিন্ন এবং স্বতন্ত্র আলো প্রয়োজন।
- ল্যান্ডস্কেপিং এবং বিউটিফিকেশন কিছু ব্লকে সীমিত এবং বেশিরভাগ ব্যবসায়ীদের দ্বারা অনুরোধ করা হয়েছে।
- নিউ ইয়র্ক সিটি গৃহহীন পরিষেবা বিভাগ (NYC Department of Homeless Services) গৃহহীনতার সম্মুখীন ব্যক্তিদের জন্য চলমান আউটরিচ প্রদান করে যারা ঘন ঘন করিডোরগুলোতে আসে।
- USPS সংগ্রহের বক্স এবং সংবাদপত্রের বক্সগুলো প্রায়শই গ্রাফিতিতে আবৃত থাকে এবং খারাপভাবে রক্ষণাবেক্ষণ করা হয়।
- বেশ কয়েকটি ব্লকে ডাবল পার্কিং এবং আবর্জনা সমস্যা রয়েছে।
- নির্দিষ্ট কিছু এলাকায় নতুন মিশ্র-ব্যবহারের ভবন নির্মাণ রাস্তায় যানজট ও খারাপ ড্রাইভিং এবং বাইকের অবস্থার কারণ হতে পারে।
- Steinway Street Municipal Parking Lot এর পিছনের দেয়ালটি গ্রাফিতি দিয়ে ভরে গেছে; একটি ম্যুরাল এই অঞ্চলটিকে উন্নত করবে।
- Steinway Street করিডোরটি দীর্ঘ; কেন্দ্রে উন্মুক্ত স্থান যুক্ত করা নতুন প্রোগ্রামিংয়ের সুযোগ পাওয়া যাবে।
- Steinway Street এর সাবওয়ে স্টেশন এবং ফ্লাড গেটগুলো খারাপ অবস্থায় রয়েছে এবং এগুলো সংস্কার করা প্রয়োজন। অন্যান্য সাবওয়ে স্টেশনগুলো সম্প্রতি সংস্কার করা হয়েছে এবং ভালো অবস্থায় রয়েছে।
- 36th Avenue-তে বহিরঙ্গন খাওয়ার জায়গাগুলো Astoria এর ফিজিক্যাল অবস্থার মধ্যে সবচেয়ে নগণ্য।

# ডেটা পরিশিষ্ট

## গবেষণার এলাকার সীমানা

■ মূল্যায়ন করা বাণিজ্যিক করিডোর

6–9 পৃষ্ঠায় উপস্থাপিত Astoria–তে স্টোরফ্রন্ট ব্যবসায়ের প্রাথমিক ডেটা নিম্নলিখিত বাণিজ্যিক করিডোরগুলোতে সংগ্রহ করা হয়েছিল:


- ▶ 29 তম এবং 47 তম স্ট্রিটের মধ্যে Ditmars Boulevard
- ▶ 8ম এবং 31 তম স্ট্রিটের মধ্যে Astoria Boulevard
- ▶ 21 তম এবং 47 তম স্ট্রিটের মধ্যে 30th Avenue
- ▶ Astoria Boulevard South এবং 36th Avenue এর মধ্যে Steinway Street
- ▶ 21 তম স্ট্রিট এবং Newtown Road এর মধ্যে Broadway
- ▶ Crescent এবং Steinway Street এর মধ্যে 36th Avenue

**━** Astoria–তে প্রাসঙ্গিক এলাকা

16–17 পৃষ্ঠায় জনসংখ্যা এবং কর্মসংস্থানের ডেটা Astoria এর আশেপাশের প্রাসঙ্গিক এলাকার জনসংখ্যার বিবরণ দেয়।

••• বাণিজ্যিক এলাকা

13 পৃষ্ঠায় ভোক্তাদের খরচের ডেটা 0.75 মাইল বাণিজ্যিক এলাকার সাথে সামঞ্জস্যপূর্ণ।




## এলাকার জনসংখ্যা

### মোট জনসংখ্যা

| | |
|---|---|
| 152,362 | Astoria |
| 2,393,104 | Queens |
| 8,736,047 | New York City |

### জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গমাইল)

| | |
|---|---|
| 40,095 | Astoria |
| 21,911 | Queens |
| 28,893 | New York City |


### পরিবারের গড় আকার

| | |
|---|---|
| 2.32 | Astoria |
| 2.93 | Queens |
| 2.63 | New York City |

### গাড়ির মালিকানা

| | |
|---|---|
| 41.8% | Astoria |
| 63.3% | Queens |
| 45.5% | New York City |


### যাতায়াতের ধরন




| | |
|---|---|
| 38,798 জন | Astoria-তে **কাজ করে** অন্যত্র বসবাস করে |
| 3,551 জন | Astoria-তে **কাজ করে** এবং বসবাস করে |
| 72,208 জন | Astoria-তে **বসবাস করে** অন্যত্র কাজ করে |


# এলাকার জনসংখ্যা

## জাতি/ব্যাকগ্রাউন্ড




| | Astoria | Queens | NYC |
|---|---|---|---|
| হিস্পানিক বা ল্যাটিনো (যেকোনো জাতি) | 26% | 28% | 29% |
| শুধুমাত্র শ্বেতাঙ্গ | 51% | 25% | 32% |
| শুধুমাত্র কৃষ্ণাঙ্গ বা আফ্রিকান আমেরিকান | 5% | 17% | 21% |
| শুধুমাত্র এশিয়ান | 14% | 26% | 14% |
| দুই বা ততোধিক জাতি | 4% | 3% | 3% |
| অন্য কোনো জাতি একক | 1% | 2% | 1% |
| শুধুমাত্র আমেরিকান ইন্ডিয়ান এবং আলাস্কার আদি বাসিন্দা | 0% | 0% | 0% |
| হাওয়াই এর আদি বাসিন্দা এবং অন্যান্য প্রশান্ত মহাসাগরীয় দ্বীপবাসী | 0% | 0% | 0% |

## শিক্ষাগত অর্জন



| | Astoria | Queens | NYC |
|---|---|---|---|
| 12 তম গ্রেড বা তার কম, কোনো ডিপ্লোমা নেই | 11% | 17% | 17% |
| হাই স্কুল গ্র্যাজুয়েট | 20% | 27% | 24% |
| কিছু কলেজ, কোনো ডিগ্রী নেই | 11% | 14% | 14% |
| সহযোগী ডিগ্রি | 7% | 8% | 7% |
| ব্যাচেলর ডিগ্রি | 33% | 21% | 23% |
| গ্র্যাজুয়েট বা পেশাদার ডিগ্রি | 19% | 13% | 17% |

## জনসংখ্যার বয়স



| | Astoria | Queens | NYC |
|---|---|---|---|
| 5 বছরের কম | 5% | 6% | 6% |
| 5–14 বছর | 7% | 11% | 11% |
| 15–24 বছর | 9% | 11% | 12% |
| 25–44 বছর | 44% | 29% | 31% |
| 45–64 বছর | 22% | 27% | 25% |
| 65+ বছর | 13% | 16% | 15% |

## মধ্যম বয়স

| | |
|---|---|
| 35.9 | Astoria |
| 39.6 | Queens |
| 37.3 | New York City |

## বিদেশী বংশোদ্ভূত জনসংখ্যা

| | |
|---|---|
| 37% | Astoria |
| 47% | Queens |
| 36% | New York City |

# আয়

## মধ্যম পরিবারের আয়

| | |
|---|---|
| $82,971 | Astoria |
| $75,886 | Queens |
| $70,663 | New York City |

## দারিদ্র্যসীমার নীচে জনসংখ্যা

| | |
|---|---|
| 12% | Astoria |
| 11% | Queens |
| 17% | New York City |

# কর্মসংস্থান

## শ্রমশক্তিতে জনসংখ্যা

| | |
|---|---|
| 72% | Astoria |
| 64% | Queens |
| 63% | New York City |

## বেকারত্ব*

| | |
|---|---|
| 5.4% | Astoria |
| 4.4% | Queens |
| 4.7% | New York City |

*দ্রষ্টব্য: 2023 সালের মে পর্যন্ত, Queens এর বেকারত্বের হার 4.5% এবং New York City এর (NYSDOL) 5.1%; Astoria এর জন্য আপডেট করা আশেপাশের-লেভেলের তথ্য উপলভ্য নয়।


# স্থানীয় চাকরি ও কর্মসংস্থান

## স্থানীয় বাসিন্দাদের কর্মসংস্থান



| | |
|---|---|
| শিক্ষামূলক পরিষেবা, স্বাস্থ্য পরিষেবা, সামাজিক সহায়তা | 20% |
| পেশাদার, বৈজ্ঞানিক এবং প্রযুক্তিগত পরিষেবা | 18% |
| আবাসন, খাদ্য পরিষেবা, শিল্প, বিনোদন | 14% |
| অন্যান্য পরিষেবাসমূহ | 14% |
| অর্থ, বিমা, রিয়েল এস্টেট | 9% |
| খুচরা ব্যবসা | 8% |
| পরিবহন, গুদামজাতকরণ, ইউটিলিটি | 6% |
| নির্মাণ কাজ | 5% |
| জনপ্রশাসন | 3% |
| উৎপাদন | 3% |

## Astoria-তে অবস্থিত চাকরি




| | |
|---|---|
| শিক্ষামূলক পরিষেবা, স্বাস্থ্য পরিষেবা, সামাজিক সহায়তা | 25% |
| পেশাদার, বৈজ্ঞানিক এবং প্রযুক্তিগত পরিষেবা | 5% |
| আবাসন, খাদ্য পরিষেবা, শিল্প, বিনোদন | 8% |
| অন্যান্য পরিষেবাসমূহ | 16% |
| অর্থ, বিমা, রিয়েল এস্টেট | 6% |
| খুচরা ব্যবসা | 10% |
| পরিবহন, গুদামজাতকরণ, ইউটিলিটি | 4% |
| নির্মাণ কাজ | 19% |
| জনপ্রশাসন | 3% |
| উৎপাদন | 4% |

উৎস: মার্কিন সেন্সাস ব্যুরো, 2017-2021 আমেরিকান কমিউনিটি সার্ভে; 2020 অ্যাপ্লিকেশন ম্যাপে; নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগ, মে 2023।

# ডেটা পরিশিষ্ট

## Astoria-তে পরিবহন




▲ Astoria-তে পরিবহন

বাস রুট · NYC সাবওয়ে · সাইকেল চলাচলের লেন

### পথচারীদের সংখ্যা (2021)

31st Avenue এবং Broadway এর মধ্যে Steinway Street

| | |
|---|---|
| 777 | কর্মদিবসের সকাল |
| 3,922 | কর্মদিবসের বিকেল |
| 2,672 | সাপ্তাহিক ছুটির দিন |

### সাপ্তাহিক কর্মদিবসে গড় সাবওয়ে রাইডারশিপ (2022)

| | | |
|---|---|---|
| 9,544 | N W | Astoria-Ditmars Boulevard |
| 8,399 | N W | 30th Avenue |
| 8,254 | M R | Steinway Street |
| 7,405 | N W | Broadway |
| 6,807 | N W | Astoria Boulevard |

### সাপ্তাহিক কর্মদিবসে গড় বাস রাইডারশিপ (2022)

| | |
|---|---|
| 7,591 | M60 SBS |
| 6,140 | Q18 |
| 2,741 | Q19 |
| 10,339 | Q66 |
| 6,698 | Q69 |
| 2,422 | Q100 |
| 2,300 | Q101 |
| 1,656 | Q102 |
| 1,062 | Q103 |
| 1,619 | Q104 |

### গড় দৈনিক যানবাহন ট্র্যাফিক (2019)

| | |
|---|---|
| 26,428 | Queens Boulevard থেকে Broadway পর্যন্ত 21st Street |
| 25,748 | Broadway থেকে Hoyt Avenue South পর্যন্ত 21st Street |
| 1,558 | 8th Street থেকে Main Avenue পর্যন্ত Astoria Boulevard |
| 2,799 | Northern Boulevard থেকে Interstate 278 Service Road West পর্যন্ত 48th Street |
| 19,455 | 31st থেকে 21st streets পর্যন্ত Hoyt Avenue North |
| 8,954 | 21st থেকে 33rd streets পর্যন্ত Hoyt Avenue South |
| 9,408 | 21st থেকে Hazen streets পর্যন্ত 20th Avenue |

উৎস: MTA 2022; NYS DOT, 2019 বার্ষিক গড় দৈনিক ট্র্যাফিক ডেটা, NYC DOT 2021।

# সাম্প্রতিক SBS নেবারহুড ইনভেস্টমেন্ট

- *বাণিজ্যিক পুনরুজ্জীবন,* নেইবারহুড 360° 2023-2026 সালে সেন্ট্রাল অ্যাস্টোরিয়া LDC-কে একাধিক বছরের জন্য $600,000 অনুদান দেওয়া হয়েছে। (Commercial Revitalization, Neighborhood 360° multi-year grant of $600,000 awarded to Central Astoria LDC, 2023-2026.)
- *বাণিজ্যিক পুনরুজ্জীবন,* নেইবারহুড 360° 2023-2026 সালে কুইন্স ইকোনমিক ডেভেলপমেন্ট কর্পোরেশনকে একাধিক বছরের জন্য $600,000 অনুদান দেওয়া হয়েছে। (Commercial Revitalization, Neighborhood 360° multi-year grant of $600,000 awarded to Queens Economic Development Corporation, 2023-2026.)
- *বাণিজ্যিক পুনরুজ্জীবন,* অ্যাভেনিউ NYC 2022-2023 সালে সেন্ট্রাল অ্যাস্টোরিয়া LDC-কে এক বছরের জন্য $20,000 অনুদান দেওয়া হয়েছে। (Commercial Revitalization, Avenue NYC single-year grant of $20,000 awarded to Central Astoria LDC, 2022-2023.)
- *বাণিজ্যিক পুনরুজ্জীবন,* অ্যাভেনিউ NYC 2022-2023 সালে কুইন্স ইকোনমিক ডেভেলপমেন্ট কর্পোরেশনকে এক বছরের জন্য $100,000 অনুদান দেওয়া হয়েছে। (Commercial Revitalization, Avenue NYC single-year grant of $100,000 awarded to Queens Economic Development Corporation, 2022-2023.)
- *ক্ষুদ্র BID অনুদান,* 2022-2023 সালে স্টেইনওয়ে অ্যাস্টোরিয়া পার্টনারশিপকে এক বছরের জন্য $50,000 অনুদান দেওয়া হয়েছে। (Small BID Grant, single-year grant of $50,000 award to Steinway Astoria Partnership, 2022-2023.)

# বিদ্যমান পরিকল্পনা ও অধ্যয়ন

*অ্যাস্টোরিয়া ওয়াটারফ্রন্ট আর্টস ডিস্ট্রিক্ট ইনফোগাইড এবং ডিস্ট্রিক্ট মানচিত্র,* ওল্ড অ্যাস্টোরিয়া নেবারহুড অ্যাসোসিয়েশন, 2023 (Astoria Waterfront Arts District Infoguide and District Map, Old Astoria Neighborhood Association, 2023)

*21 তম স্ট্রিট ট্রানজিট অগ্রাধিকার এবং সুরক্ষা প্রোগ্রাম,* নিউ ইয়র্ক সিটি পরিবহন বিভাগ, 2022 (21st Street Transit Priority and Safety Project, NYC Department of Tansportation, 2022)

*ইনোভেশন QNS রিজোনিং এবং LSGD,* সার্টিফিকেশনের জন্য পর্যালোচনা সেশন, NYC সিটি প্ল্যানিং বিভাগ, 2022 (Innovation QNS Rezoning and LSGD, Review Session for Certification, NYC Department of City Planning, 2022)

*হ্যালেটস নর্থ রিজোনিং এবং স্পেশাল পারমিট, পর্যালোচনা সেশন - সার্টিফিকেট প্রদান, NYC সিটি প্ল্যানিং বিভাগ, 2022 (Hallets North Rezoning and Special Permit, Review Session - Certification, NYC Department of City Planning, 2022)*

*Astoria প্রজেক্ট সার্ভে: Employment, Health, and Well-Being in One New York City Neighborhood during COVID,* The New School Center for New York City Affairs, 2021

*LIC and Astoria Community Health Profile,* NYC Department of Health, 2018

*Astoria Neighborhood Trends and Insights,* NYC Economic Development Corporation, 2014

# উৎস

ESRI এবং ভোক্তা ব্যয় জরিপ, শ্রম পরিসংখ্যান ব্যুরো। 2023 ESRI খুচরা চাহিদা আউটলুক। (ESRI and Consumer Expenditure Surveys, Bureau of Labor Statistics. 2023 ESRI Retail Demand Outlook.)

মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ, 2021। গড় সপ্তাহের পাতাল রেল রাইডারশিপ এবং গড় মাসিক বাস রাইডারশিপ। (Metropolitan Transportation Authority, 2021. Average Weekday Subway Ridership and Average Monthly Bus Ridership.)

নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগ। মে 2023। কাউন্টি অনুসারে বেকারত্বের হার র‍্যাংকিং। (NYS Department of Labor. May 2023. Unemployment Rate Rankings by County.)

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ। ট্রাফিক ডেটা ভিউয়ার ব্যবহার করে 2019 বার্ষিক গড় দৈনিক ট্রাফিক।

নিউ ইয়র্ক সিটি ফিনান্স বিভাগ, ট্যাক্স পলিসি বিভাগ, নিউ ইয়র্ক স্টেট কর এবং ফিনান্স বিভাগ থেকে ডেটা ব্যবহার করে। ব্যবসা বিক্রয় ট্যাক্স বছর দ্বারা রিপোর্ট করা হয়, যা 1 মার্চ থেকে 28 ফেব্রুয়ারি পর্যন্ত চলে। বিক্রয় ডেটা বিক্রয় কর রিটার্ন থেকে সংকলিত হয়, যা নেতিবাচক বিক্রয় পরিমাণের রিটার্ন বাদ দিয়ে এক বছরের মধ্যে ট্যাক্স ফাইলকারী দ্বারা রোল আপ করা হয়। প্রতি বছরের জন্য, প্রতিটি ট্যাক্স ফাইলকারীকে তাদের সর্বশেষ রিটার্নে তালিকাভুক্ত ঠিকানা অনুসারে রিপোর্ট করা হয়। বিশ্লেষণ থেকে বড় আউটলায়ারদের সরিয়ে দেওয়া হয়েছিল এবং ম্যানহাটনের শীর্ষ 5% ফাইলার এবং বিক্রয়ের মাধ্যমে বাইরের বরো থেকে শীর্ষ 1% ফাইলারকে সরিয়ে দেওয়া হয়েছিল। (NYS Department of Transportation. 2019 Annual Average Daily Traffic, using Traffic Data Viewer. NYC Department of Finance, Division of Tax Policy, using data from NYS Department of Taxation and Finance. Business sales are reported by tax year, which runs from March 1st to February 28th. Sales data are compiled from sales tax returns, which are rolled up by tax filer within a year, excluding returns with negative sales amounts. For each year, each tax filer is reported according to the address listed on their latest return. Large outliers were removed from the analysis, and the top 5% of filers from Manhattan and the top 1% of filers from the outer boroughs by sales were removed.)

নিউ ইয়র্ক সিটি ক্ষুদ্র ব্যবসা পরিষেবা বিভাগ। আর্থিক বছর 2022। বিজনেস ইমপ্রুভমেন্ট ডিস্ট্রিক্টস ট্রেন্ডস রিপোর্ট। (NYC Department of Small Business Services. Fiscal Year 2022. Business Improvement Districts Trends Report.)

নিউ ইয়র্ক সিটি পরিবহন বিভাগ। 2021 পথচারী গণনা এবং সাইকেল আরোহী। (NYC Department of Transportation. 2021 Pedestrian Counts and Bicycle Ridership.)

মার্কিন আদমশুমারি ব্যুরো। 2020। অ্যাপ্লিকেশন ম্যাপে। অনুদৈর্ঘ্য-নিয়োগকারী পারিবারিক গতিশীলতা প্রোগ্রাম। (U.S. Census Bureau. 2020. OnTheMap Application. Longitudinal-Employer Household Dynamics Program.)

মার্কিন আদমশুমারি ব্যুরো। আমেরিকান কমিউনিটি সার্ভে, 2021 আমেরিকান কমিউনিটি সার্ভে 5-বছর অনুমান, নিউ ইয়র্ক সিটি পপুলেশন ফ্যাক্ট ফাইন্ডার ব্যবহার করে। Astoria Census Tracts: 105, 111, 123.01, 103, 113, 121, 135, 101, 97, 115, 117, 119, 137, 95, 125, 91, 87, 83, 69, 71, 65.01, 65.02, 143, 145, 147, 141, 81, 79, 77, 73, 75, 63, 61, 155, 149, 151, 153, 163, 161, 159, 157, 55, 57, 51, 31, 33.02, 85, 43, 39, 53, 47, 45, 59 (U.S. Census Bureau. American Community Survey, 2021 American Community Survey 5-Year Estimates, using NYC Population FactFinder. Astoria CensusTracts: 105, 111, 123.01, 103, 113, 121, 135, 101, 97, 115, 117, 119, 137, 95, 125, 91, 87, 83, 69, 71, 65.01, 65.02, 143, 145, 147, 141, 81, 79, 77, 73, 75, 63, 61, 155, 149, 151, 153, 163, 161, 159, 157, 55, 57, 51, 31, 33.02, 85, 43, 39, 53, 47, 45, 59)

ফটো ক্রেডিট: Wikimedia Commons: Torstenkunz-Germany, David Wilson, Tdorante10. Central Astoria Local Development Coalition: Roxy Tico. Queens Economic Development Corporation: Victor Prado. NYC & Company: Joe Buglewicz

## SBS সম্পর্কে

NYC Department of Small Business Services অর্থনৈতিক সম্ভাবনার দ্বার খুলতে এবং সকল নিউ ইয়র্কবাসীদেরকে ভালো কর্মসংস্থানের সাথে সংযুক্ত করে, শক্তিশালী ব্যবসা তৈরি করে এবং পাঁচটি বরো জুড়ে আশেপাশের এলাকায় একটি ন্যায্য অর্থনীতি গড়ে তোলার মাধ্যমে অর্থনৈতিক সুরক্ষা তৈরি করতে সহায়তা করে।

## স্বীকারোক্তি


Astoria–তে কমার্শিয়াল ডিস্ট্রিক্ট নিডস অ্যাসেসমেন্ট এর উন্নয়নে অবদান রাখার জন্য আমরা নিম্নলিখিত ব্যক্তি ও সংস্থাগুলোকে স্বীকৃতি দিতে এবং ধন্যবাদ জানাতে চাই:

Queens Borough President Donovan Richards
NYC Council Member Tiffany Cabán
NYC Council Member Julie Won
Queens Community Board 1
Central Astoria Local Development Coalition
Queens Economic Development Corporation
Astoria–এর ব্যবসায়ীগণ
Astoria–এর ক্রেতা এবং বাসিন্দারাগণ


nyc.gov/avenuenyc